
তারিখ 01 AUG 2016
পৃষ্ঠা ৭ কলাম ৬

দৈনিক আমাদের সময়



পতাকার আদলে লাল-সবুজ বাংলাদেশ। রাজধানীর বসুন্ধরায় নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গতকাল আয়োজিত 'নর্থ সাউথের বুকে বাংলাদেশ' শীর্ষক অনুষ্ঠান থেকে তোলা ছবি • মেহরাজ

# এবার জঙ্গিবাদ মোকাবিলার ঘোষণা এনএসইউ উপাচার্যের

নিজস্ব প্রতিবেদক •

দেশে সাম্প্রতিক জঙ্গি হামলায় নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের (এনএসইউ) একাধিক ছাত্রের জড়িত থাকার প্রমাণ পাওয়ার পর এবার বিশ্ববিদ্যালয়টির উপাচার্য জঙ্গিবাদ মোকাবিলার ঘোষণা দিয়েছেন। তিনি বলেছেন, তার বিশ্ববিদ্যালয় জঙ্গিবাদের বিরুদ্ধে বলিষ্ঠ ভূমিকা রাখবে। গতকাল রাজধানীর বসুন্ধরায় নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আয়োজিত এক অনুষ্ঠানে এ ঘোষণা দেন উপাচার্য আতিকুল ইসলাম। 'নর্থ সাউথের বুকে বাংলাদেশ' শীর্ষক ওই অনুষ্ঠানে উপাচার্য বলেন, দেশ যখন সামাজিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক ক্ষেত্রে গুরুত্বপূর্ণ উন্নয়ন করছে; তখন বিশ্ব জঙ্গিবাদ ও তাদের এ দেশীয় দোসররা ষড়যন্ত্র শুরু করেছে।

সাম্প্রতিক হওয়া জঙ্গি হামলাকারী অধিকাংশই নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন কিংবা বর্তমান ছাত্র। তাই জঙ্গি হামলাকারীদের পরিচয় খুঁজতে গিয়ে বারবার সামনে এসেছে বেসরকারি নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের নাম। এতে হুমকির মুখে পড়েছে বিশ্ববিদ্যালয়ের ২০ হাজার শিক্ষার্থীর ভবিষ্যৎ।

২০১২ সালে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের ফেডারেল রিজার্ভ ব্যাংকে নাশকতা চেষ্টার অভিযোগে এফবিআই গ্রেপ্তার করে কাজী মোহাম্মদ রেজওয়ানুল আহসান নাফিস নামে নর্থ সাউথ ইউনিভার্সিটির এক শিক্ষার্থীকে। ২০১৩ সালে ব্লগার রাজীব হত্যাকাণ্ডে জড়িত অভিযোগে পুলিশ ৮ জনকে গ্রেপ্তার করে। তাদের ৭ জনই নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ছাত্র। গত ১ জুলাই গুলশানের হলি আর্টিজান বেকারিতে হামলা চালিয়ে ১৭ বিদেশিসহ ২০ জনকে কুপিয়ে ও গুলি করে হত্যা করে জঙ্গিরা। হামলাকারী ৬ জঙ্গির মধ্যে দুজন নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের। ৭ জুলাই কিশোরগঞ্জের শোলাকিয়ায় ঈদের জামায়াতের আগে পুলিশ চৌকিতে হামলাকারী আবির হোসেন নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ছাত্র। সর্বশেষ ২৬ জুলাই রাজধানীর কল্যাণপুরে পুলিশি অভিযানে নিহত ৯ জঙ্গির ৩ জন ঢাকার নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ছাত্র বলে পুলিশি তদন্তে এসেছে।